গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(রাজস্ব শাখা)
হবিগঞ্জ।
www.dchabiganj.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৩৬০০.০১৮.০৭.০০১.২০২২- ২৮৭

তারিখ : ০৭/০৩/২০২৪ খ্রি.

## অ-ইজারাকৃত জলমহাল হতে খাস আদায়ের বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ০৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০১০.২৩.২১২ নং স্মারকের প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪২৭-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলাধীন "হারের গজা বিল (বদ্ধ)" জলমহালটির ইজারাদেশ বাতিলক্রমে জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করতে এবং তৎপরবর্তীতে জলমহালটি দ্রুত ইজারার ব্যবস্থা গ্রহণসহ পরবর্তী ইজারা না হওয়া পর্যন্ত জলমহালটি হতে খাস আদায় করার সিদ্ধান্তের প্রেক্ষিতে (২০.০০ একরের উর্ধ্বে বদ্ধ) জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদ অনুযায়ী ১৪৩০ বঙ্গাব্দের ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য খাস আদায় ব্যবস্থাপনার নিমিত্ত প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠন/মৎস্য চাষী/মৎস্য ব্যবসায়ী/আগ্রহী মৎস্যজীবী ব্যক্তিগণের নিকট হতে মূল্য উল্লেখ পূর্বক সিলগালাযুক্ত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

### আবেদনপত্র ক্রয় ও দাখিলের দিনপঞ্জি

| আবেদনের পর্যায় | আবেদনপত্র ক্রয়ের তারিখ ও সময় | আবেদনপত্র গ্রহণের তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম পর্যায় | ১২/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় | ১৩/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় |
| ২য় পর্যায় | ১৯/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় | ২০/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় |
| ৩য় পর্যায় | ২৭/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় | ২৮/০৩/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় |
| ৪র্থ পর্যায় | ০৩/০৪/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় | ০৪/০৪/২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন সময় |

### শর্তাবলি

০১। আবেদনপত্রে উদ্ধৃত মূল্য অংকে ও কথায় উল্লেখ করে বদ্ধখামে সিলগালা অবস্থায় আবেদন দাখিল করতে হবে। কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০২। আবেদনের সঙ্গে জেলা প্রশাসক, হবিগঞ্জ এর অনুকূলে দাখিলকৃত মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফ্‌ট/পেঅর্ডার সংযুক্ত করতে হবে।

০৩। মনোনীত দরদাতাকে দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।

০৪। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারির মাধ্যমে উপযুক্ত দরদাতা মনোনীত হবেন।

০৫। মনোনীত দরদাতাকে সিদ্ধান্ত গ্রহণের ০৩ (তিন) দিনের মধ্যে সমুদয় টাকা পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মূল্য পরিশোধে ব্যর্থ হলে, সরাসরি উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং ২০% জামানত বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফ্‌ট/পেঅর্ডার সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

০৬। নির্ধারিত তারিখে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) এর বিনিময়ে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা হতে আবেদন ফরম ক্রয় করা যাবে।

০৭। খামের উপর মহালের নাম ও খাস কালেকশনের মেয়াদ ১৪৩০ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত উল্লেখ করতে হবে।

০৮। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। মামলাভুক্ত জলমহালসমূহের ক্ষেত্রে মহামান্য/বিজ্ঞ আদালতের আদেশ সর্বাগ্রে প্রতিপালনপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১০। সাকুল্য টাকা পরিশোধের পর নিজ উদ্যোগে সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে যোগাযোগ করে ১৪৩০ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ের জন্য দখল বুঝে নিতে হবে, অন্যথায় পরবর্তীতে দখল না পাওয়ার কোন অজুহাত গ্রহণ করা হবে না।

১১। জলমহালের তফসিল ও অন্যান্য শর্তাবলি এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে।

০৭/০৩/২৪

(মোছাঃ জিলুফা সুলতানা)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হবিগঞ্জ।
ইমেইল: dchabiganj@mopa.gov.bd

১৪৩০ বঙ্গাব্দের ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য বন্দোবস্তযোগ্য জলমহালসমূহের তালিকা : পরিশিষ্ট–'ক'

| উপজেলার নাম | ক্রমিক | জলমহালের নাম | আয়তন (একরে) | সর্বশেষ চুক্তিমতে ১৪৩০ বঙ্গাব্দে ইজারা মূল্য | খাস কালেকশনের মেয়াদ ( বাংলা সন) |
|---|---|---|---|---|---|
| নবীগঞ্জ | ০১ | হারের গজা বিল (বদ্ধ) | ৩০.০০ | ৬,৫০,০০০/- | ১৪৩০ বঙ্গাব্দের অবশিষ্ট সময় |

বিঃদ্রঃ মামলায় ডিক্রীকৃত/স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞাভুক্ত জলমহালসমূহের/দাগের ক্ষেত্রে মামলার পরবর্তী আদেশ প্রাপ্তির পর/মামলা নিষ্পত্তির পর পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

(মোছাঃ জিলুফা সুলতানা)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।

বিতরণ সদয় জ্ঞাতার্থে :

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ – ১/ ২/ ৩/ ৪ ও উপদেষ্টা, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, হবিগঞ্জ।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮।
০৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের নিমিত্ত :

০৫। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/কিশোরগঞ্জ/বি-বাড়িয়া/সুনামগঞ্জ।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
০৭। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৮। সিভিল সার্জন, হবিগঞ্জ।
০৯-১৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ......................................(সকল), হবিগঞ্জ।
১৮-২৩। মেয়র, হবিগঞ্জ/শায়েস্তাগঞ্জ/নবীগঞ্জ/মাধবপুর/চুনারুঘাট/আজমিরিগঞ্জ পৌরসভা।
২৪। উপ--পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ।
২৫। উপ--পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, হবিগঞ্জ।
২৬-৩৪। উপজেলা নির্বাহী অফিসার,---------------(সকল), হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে তাৎক্ষণিকভাবে টাঙ্গিয়ে এবং তাঁর এলাকার গুরুত্বপূর্ণ হাট বাজারে মাইকযোগে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩৫-৩৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/পাউবো, হবিগঞ্জ।
৩৭। জেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ।
৩৮। জেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ।
৩৯-৪৭। সহকারী কমিশনার (ভূমি),------------, হবিগঞ্জ। এতদসঙ্গে......... টি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তিগুলো ধার্য তারিখের পূর্বে প্রাপকের ঠিকানায় জারিক্রমে জারির প্রতিবেদন জরুরি ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪৮। সহকারী বন সংরক্ষক, হবিগঞ্জ।
৪৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, হবিগঞ্জ এর ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫০। জেলা রেজিস্ট্রার, হবিগঞ্জ।
৫১। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ।
৫২। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি মাইকযোগে জেলার গুরুত্বপূর্ণ স্থানে ও হাট বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫৩-৬১। উপজেলা মৎস্য কর্মকর্তা-------------------------- (সকল), হবিগঞ্জ।
৬২-৭০। উপজেলা সমবায় কর্মকর্তা ------------------------- (সকল), হবিগঞ্জ।
৭১। কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা ইউনিট, হবিগঞ্জ।
৭২। সম্পাদক, দৈনিক---------------, ঢাকা/সম্পাদক, -----------, হবিগঞ্জ। এতদসঙ্গে ০১ কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তিটি (পরিশিষ্ট- 'ক' সহ) আপনার দৈনিক পত্রিকায় ভিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১টি সংখ্যায় জরুরী ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭৩। চেয়ারম্যান, কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি, ২নং সেগুন বাগিচা, নাজমা বোর্ডিং, ঢাকা।
৭৪-১১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা----------------------ইউনিয়ন ভূমি অফিস, ------------- হবিগঞ্জ।
১১১-১২২। জনাব...................................................সদস্য, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, হবিগঞ্জ
১২৩। এ কার্যালয়ের নোটিশ বোর্ড ।

০৭/০৬/২০২৪

(নিবিড় রঞ্জন তালুকদার)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হবিগঞ্জ।